গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়, ১ম সংশোধিত)**

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ

কক্ষ নং-১২২, শিক্ষা ভবন (১ম ব্লক), ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০, ফোন: ৪১০৫০১০১-০৬

Web: www.ictedu.gov.bd, E-mail: pdict2@gmail.com

স্মারক নং: মাউশি/ICTP-II-/৫৭ (অংশ-১)/২০২৫/ ৬৮০ তারিখ: ২৪/০৪/২০২৫ খ্রি.

**বিষয়: ১৪টি সরকারি টিচার্স ট্রেনিং কলেজে অনুষ্ঠিতব্য Basic Teachers' Training (BTT) কোর্সে ব্যাচসমূহের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের আওতায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়, ১ম সংশোধিত)" এর ১২ দিনব্যাপী Basic Teachers' Training (BTT) আগামী **২৮ এপ্রিল ২০২৫ হতে ১০ মে ২০২৫ পর্যন্ত** নিম্ন ছক অনুযায়ী অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, BTT প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ মাস্টার ট্রেইনার হিসেবে পরবর্তীতে জেলা পর্যায়ে In-house প্রশিক্ষণে অন্যান্য শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করবেন। সমাপনী অনুষ্ঠানে সম্মানীত অতিথিবৃন্দ জুম প্ল্যাটফর্মে অংশগ্রহণ করবেন।

| ক্রম | প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম | ব্যাচ সংখ্যা | মোট প্রশিক্ষণার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ১ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা | ৫ | ১৫০ |
| ২ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, কুমিল্লা | ৪ | ১২০ |
| ৩ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফেনী | ৩ | ৯০ |
| ৪ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম | ২ | ৬০ |
| ৫ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, সিলেট | ২ | ৬০ |
| ৬ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রংপুর | ৫ | ১৫০ |
| ৭ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, পাবনা | ৩ | ৯০ |
| ৮ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর | ৪ | ১২০ |
| ৯ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা | ৫ | ১৫০ |
| ১০ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, বরিশাল | ৪ | ১২০ |
| ১১ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ ময়মনসিংহ | ৪ | ১২০ |
| ১২ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (মহিলা), ময়মনসিংহ | ৫ | ১৫০ |
| ১৩ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফরিদপুর | ৪ | ১২০ |
| ১৪ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী | ৫ | ১৫০ |
| | **মোট** | ৫৫ | ১৬৫০ |

২। সরকারি টিচার্স ট্রেনিং কলেজসমূহের ক্যাচমেন্ট এরিয়ার উপজেলাভিত্তিক তালিকা অনুসরণপূর্বক প্রত্যেক শিক্ষাপ্রতিষ্ঠান থেকে আইসিটিতে পারদর্শী ১ জন নিয়মিত শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দিতে হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রকল্প দলিলের সংস্থান অনুযায়ী অংশগ্রহণকারী প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীগণ ভাতাদি প্রাপ্য হবেন।

৩। প্রকল্প দলিল অনুযায়ী কোন অবস্থাতেই ১টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে একাধিক শিক্ষককে BTT প্রশিক্ষণ দেয়া যাবে না বিধায় খুব সতর্কতার সাথে প্রশিক্ষণার্থী মনোনয়ন দিতে হবে।

৪। BTT প্রশিক্ষণের জন্য মনোনীত শিক্ষকদের ল্যাপটপ, পেনড্রাইভ, প্রতিষ্ঠান প্রধানকর্তৃক ছাড়পত্র, ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, ব্যাংকের চেক বইয়ের ফটোকপি, ন্যাশনাল আইডি কার্ডের ফটোকপি ও সকালের নাস্তা, রাতের খাবার, আবাসন এবং যাতায়াতের জন্য পর্যাপ্ত পরিমাণ অর্থ সাথে রাখার জন্য অনুরোধ করা হলো।

৫। বর্ণিতাবস্থায় ২৭/০৪/২০২৫ তারিখের মধ্যে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদানপূর্বক অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং সংশ্লিষ্ট সরকারি টিচার্স ট্রেনিং কলেজের ই-মেইলে ও pdict2@gmail.com এ প্রশিক্ষণার্থীদের তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৬। প্রতিব্যাচ প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ (নির্দিষ্ট ছকে) মেধাক্রম উল্লেখসহ pdict2@gmail.com এ তিন (০৩) কর্মদিবসের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তি:**

১। উপজেলাভিত্তিক শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকা।

২। ক্যাচমেন্ট এরিয়া

S. Kabir 24.04.25

(প্রফেসর মো: সাহেদুল কবির-২১১৪)
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৪১০৫০১০১
০১৭১৫-০০১৯৩৬

জেলা শিক্ষা অফিসার, ......................

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৪। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৫। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৬। পরিচালক (মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৭। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (সকল)।
৮। অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল)।
৯। সংরক্ষণ নথি।